

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.২০২১/ ৪২

তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং-১০/২০২১

বিষয় : “Terracotta Clay Product” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্র : Synergy Trading Ltd. কর্তৃক ২৫/০১/২০২১ খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদন।

Synergy Trading Ltd. নামক প্রতিষ্ঠান “Terracotta Clay Product” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Synergy Trading Ltd.
আবেদনকারীর ঠিকানা	সত্বাধিকারী, Synergy Trading Ltd. Moon Islam House: 34-36, Road-8, Block-E, Niketon, Gulshan-1, Dhaka-1212.
টেলিফোন নম্বর	01711531786

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Terracotta Clay Product
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Final goods
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	VIETNAM
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	6905.90.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

আমদানিকারক তার আবেদনপত্রে ‘Terracotta Clay Product’ নামীয় পণ্যের কথা উল্লেখ করেছেন। এ বিষয়ে সুনির্দিষ্টভাবে তার পণ্য কোনটি তা জানতে চাওয়া হলে তিনি যে নমুনা পণ্য উপস্থাপন করেন তা মূলত একটি ‘Tiles’। আমদানিকারক তার আবেদনে উক্ত ‘Tiles’ পণ্যটিকে 69.05 এর অধীনে শ্রেণিবিন্যাসের জন্য আবেদন করেন।

৩। পর্যালোচনা ও সিদ্ধান্তঃ পর্যালোচনায় দেখা যায় যে, 69.05 এর অধীন এ ‘Roofing Tiles’ সমূহ শ্রেণিবিন্যাসযোগ্য। WCO Explanatory Notes এর বর্ণনা অনুযায়ী আমদানিতব্য পণ্যটিতে ‘Roofing Tiles’ এর কোন বৈশিষ্ট্য বিদ্যমান নেই। বরং এটি এক ধরনের Wall Tiles. সে মোতাবেক Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা অনুযায়ী আমদানিকৃত ‘Terracotta Clay Product’ (Wall Tiles) নামীয় পণ্যটি আমদানি পর্যায়ে ‘water absorption coefficient by weight’ অনুযায়ী H.S Code 6907.21.00 অথবা 6907.22.00 অথবা 6907.23.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য।

৪। অগ্রিম রুলিং:

Synergy Trading Ltd. কর্তৃক আমদানিয় ‘Terracotta Clay Product’ নামক পণ্যটি Bangladesh Customs Tariff (BCT), General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী আমদানি পর্যায়ে ‘water absorption coefficient by weight’ অনুযায়ী H.S Code 6907.21.00 অথবা 6907.22.00 অথবা 6907.23.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৫। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত
(২৪/০২/২০২১ খ্রিঃ)
(সৈয়দ গোলাম কিবরীয়া)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.২০২১/ ৪২(৩০)

তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বহুং করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৭। সত্বাধিকারী, Synergy Trading Ltd. Moon Islam House: 34-36, Road-8, Block-E, Niketon, Gulshan-1, Dhaka-1212.

২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।


২৪/০২/২০২১

(মোঃ পারভেজ রেজা চৌধুরী)

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট ও

দ্বিতীয় সচিব (কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং)